

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর গোপনীয় শাখা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
মাগুরা

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং- ০৫.৪৪.৫৫০০.০০২.০১.০০১.২৪.০৭

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী সংযোজিত তফসিলে বর্ণিত মাগুরা জেলার মহম্মদপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-


রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১	রবিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২৪-২৬ এপ্রিল ২০২৪ ১১-১৩ বৈশাখ ১৪৩১	বুধবার-শুক্রবার
আপিল নিষ্পত্তি	:	২৭-২৯ এপ্রিল ২০২৪ ১৪-১৬ বৈশাখ ১৪৩১	শনিবার-সোমবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩০ এপ্রিল ২০২৪ ১৭ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
প্রতীক বরাদ্দ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
ভোটগ্রহণের তারিখ	:	২১ মে ২০২৪ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১	মঙ্গলবার

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। এক্ষেপে, সেহেতু, আমি প্রশান্ত কুমার বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মাগুরা ও রিটার্নিং অফিসার, মহম্মদপুর উপজেলা পরিষদ নির্বাচন, উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, মহম্মদপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/ ০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে "অনলাইনে মনোনয়নপত্র দাখিল" লিংকে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

তারিখঃ ০২ দিন ০৪ মাস ২০২৪ বৎসর


প্রশান্ত কুমার বিশ্বাস
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাগুরা
ও
রিটার্নিং অফিসার
মহম্মদপুর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪


স্মারক নং- ০৫.৪৪.৫৫০০.০০২.০১.০০১.২৪.০৭

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
- ৪। উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা
- ৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৬। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

- ৭। মহাব্যবস্থাপক, ফ্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৮। জেলা প্রশাসক, মাগুরা ও আপিল কর্তৃপক্ষ, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২৪
৯। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
১০। পুলিশ সুপার, মাগুরা
১১। উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, ও সহকারী রিটার্নিং অফিসার। (গণ-বিজ্ঞপ্তি তার নির্বাচনি এলাকার দ্রষ্টব্য স্থানসমূহে লটকাইয়া জারি করার জন্য অনুরোধ করা হলো)
১২। জেলা নির্বাচন অফিসার, মাগুরা
১৩। জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাগুরা
১৪। জেলা তথ্য অফিসার, মাগুরা (গণ-বিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তাকে অনুরোধ করা হলো)
১৫। অফিসার ইনচার্জ, মহম্মদপুর, মাগুরা
১৬। উপজেলা নির্বাচন অফিসার, মহম্মদপুর, মাগুরা
১৭। অফিস কপি।



প্রশান্ত কুমার বিশ্বাস
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাগুরা
ও
রিটার্নিং অফিসার
মহম্মদপুর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪